6

দৈনিক ইনকিলাব

তারিখ ... 17 JUL 1997 ...
পৃষ্ঠা ১ কলাম ২ ......

# নিরক্ষরতা বাংলাদেশসহ এশীয় দেশগুলোর উন্নয়নের পথে অন্তরায় সৃষ্টি করছে

## —প্রধানমন্ত্রী

বিটিভি ঃ প্রধানমন্ত্রী শেখ হাসিনা এখন যুক্তরাষ্ট্রের মায়ামিতে অবস্থান করছেন। প্রধানমন্ত্রী জার্মানীর হামবুর্গে বয়স্ক শিক্ষা বিষয়ক পঞ্চম আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে যোগদান শেষে গত মঙ্গলবার বিকালে মায়ামিতে পৌছান। জার্মান নগরী হামবুর্গে গত সোমবার অনুষ্ঠিত ৫ দিনব্যাপী আন্তর্জাতিক বয়স্ক শিক্ষা সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইউনেস্কোর মহাপরিচালক ফেডারিকো মেয়র এবং সম্মেলনের সভাপতি অধ্যাপক রিটা সাসপুটের সাথে হামবুর্গের কংগ্রেস কেন্দ্রে যৌথ সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন। শেখ হাসিনা আন্তর্জাতিক সম্প্রদায় বিশেষ করে শিক্ষা বিস্তার ও উন্নয়ন কার্যে নিয়োজিত সংস্থাগুলোর প্রতি বাংলাদেশসহ এশীয়

১১-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## প্রধানমন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

দেশগুলোর উপর এ ব্যাপারে আরো বেশী দৃষ্টি দেয়ার আহবান জানান। কেননা, এসব দেশে নিরক্ষরতা উন্নয়নের পথে অন্তরায় সৃষ্টি করছে।

প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন যে, তার সরকার এনজিও এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থার সহযোগিতায় দেশকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করতে সক্ষম হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে ক্ষুদ্র ঋণ ব্যবস্থার ক্ষেত্রে সাফল্য অর্জনের ব্যাপারে এক প্রশ্নের জবাবে বলেন, ঋণ পরিশোধের ক্ষেত্রে মহিলারা পুরুষদের চেয়ে বেশী ভাল সাড়া দিয়ে থাকেন। মুষ্টিমেয় ব্যবসায়ীকে বিপুল পরিমাণ ঋণ না দিয়ে অনেক লোককে ক্ষুদ্র ক্ষুদ্র ঋণ দেয়া ভাল। তিনি ক্ষুদ্র ঋণ ব্যবস্থার ক্ষেত্রে বাংলাদেশের সাফল্য সম্পর্কে ব্যাখ্যা দানকালে একথা বলেন। তিনি বলেন, অন্যান্য দেশ বাংলাদেশের অভিজ্ঞতাকে পরিকল্পিতভাবে অনুসরণ করতে পারে।

প্রধানমন্ত্রী মেয়র ও মিঃ রিটার উদ্দেশে সাংবাদিকদের উত্থাপিত বেশ কয়েকটি প্রশ্নেরও জবাব দেন।